সংবাদ

তারিখ ... 4 FEB [illegible]
পৃ ৯/ ২

৩০শে মার্চ থেকে আমরণ অনশন

## কমিউনিটি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতির বেতন বাড়ানোর দাবি

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ বেতন বৃদ্ধি করা না হলে বাংলাদেশ কমিউনিটি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতি আগামী ৩০শে মার্চ থেকে আমরণ অবশনে যাবে। মঙ্গলবার ঢাকা রিপোর্টার্স ইউনিটি কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে শিক্ষক সমিতির নেতৃবৃন্দ এ ঘোষণা দেয়ন।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে বলা হয়, সরকারি ও রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ের মতো কমিউনিটি প্রাথমিক শিক্ষকরা শিশু শ্রেণী থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত সকাল ৯টা থেকে বিকেল ৪টা পর্যন্ত ক্লাস নেয়। কিন্তু তাদের বেতন মাত্র ৫শ' টাকা। অন্যদিকে সরকারি প্রাথমিক ও রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় শিক্ষকরা যথাক্রমে ৩ হাজার টাকা এবং ২ হাজার টাকা বেতন পান। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন শিক্ষক সমিতির চেয়ারম্যান জহিরুল ইসলাম। এ সময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন সংগঠনের সভাপতি নাছিরউদ্দিন, মহাসচিব গোলাম মাসুদ, জাকির হোসেন প্রমুখ।